



ভবিষ্যৎ প্রজন্মের জন্য নদী দূষণমুক্ত রাখতে প্রধানমন্ত্রীর আহ্বান



ছবি: সংগৃহীত

দেশের আগামী প্রজন্মের জন্য পরিচ্ছন্ন নদী ও বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করতে সবাইকে দায়িত্বশীল হওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, পরিবেশ রক্ষায় সরকারি উদ্যোগের পাশাপাশি ব্যক্তি পর্যায়ে থেকেও সচেতনতা ও দায়িত্ববোধ নিয়ে কাজ করতে হবে।

রোববার (৬ সেপ্টেম্বর) সকালে বাংলাদেশ সচিবালয়ে রাজধানী ঘিরে থাকা নদ-নদীর দূষণ নিয়ন্ত্রণ ও সংরক্ষণবিষয়ক এক পর্যালোচনা সভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সভায় বুড়িগঙ্গা, তুরাগ, ধলেশ্বরী, বালু ও শীতলক্ষ্যা নদীর দূষণ পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি এসব নদীর সঙ্গে সংযুক্ত খাল ও ড্রেন থেকে বর্জ্য অপসারণ, নদী সংরক্ষণ এবং কার্যকর ব্যবস্থাপনার বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয়।

এ ছাড়া নদীগুলোর নাব্যতা বজায় রাখা, পানির স্বাভাবিক প্রবাহ নিশ্চিত করা এবং ঢাকার চারপাশের বৃ্তাকার নৌপথ উন্নয়নের চলমান পরিকল্পনাও সভায় গুরুত্ব পায়।

এ পর্যন্ত গৃহীত পরিকল্পনাগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন প্রধানমন্ত্রী। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও বিভিন্ন সংস্থার মধ্যে কার্যকর সমন্বয়ের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, শুধু বর্তমান সময়ের কথা ভাবলে চলবে না। ভবিষ্যৎ প্রজন্মের জন্যও একটি সুস্থ ও বাসযোগ্য পরিবেশ রেখে যেতে হবে। এজন্য সরকারি নির্দেশনার অপেক্ষায় না থেকে প্রত্যেককে নিজ নিজ জায়গা থেকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।